

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১২৪৭

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৬. মোক্তাদীর কিরাআত (ফাতিহা) পড়ার জন্য ইমামের বিরতি দেয়ার স্থান

بَابُ مَوْضِعِ سَكَتَاتِ الْإِمَامِ لِقِرَاءَةِ الْمَأْمُومِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مَخْلَد ، ثَنَا الْحَسَنُ بْنُ عَرَفَة ، ثَنَا هُشَيْمٌ ، عَنْ يُونُسَ بْنِ عُبَيْدٍ ، عَنِ الْحَسَنِ ، عَنْ سَمُرَة ؛ أَنَّهُ كَانَ إِذَا افْتَتَحَ الصَّلَاةَ سَكَتَ هُنَيْهَةً ، وَإِذَا قَرَأَ (وَلَا الضَّالِّينَ) سَكَتَ سَكْتَ سَكْتَةً ، فَأُنْكِرَ ذَلِكَ عَلَيْهِ ، فَكُتِبَ فِي ذَلِكَ إِلَى أُبِيّ بْنِ كَعْبٍ ، فَكَتَبَ أَنَّ الْأَمْرَ كَمَا صَنَعَ سَمُرَةُ

বাংলা

১২৪৭(২). মুহাম্মাদ ইবনে মাখলাদ (রহঃ) ... সামুরা (রাঃ) থেকে বর্ণিত। তিনি যখন নামায শুরু করতেন তখন কিছুক্ষণ নীরব থাকতেন এবং যখন ওয়ালাদদোয়াল্লীন পড়তেন তখনও কিছুক্ষণ নীরব থাকতেন। তার এই কার্যক্রমের প্রতিবাদ করা হলে এ সম্পর্কে উবাই ইবনে কা'ব (রাঃ)-এর নিকট চিঠি লেখা হলো। তিনি উত্তরে লিখলেন, সামুরা (রাঃ) যা করেছেন বিষয়টি তদ্রুপই।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন